

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ আষাঢ় বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ২১৯-আইন/২০১৩/২৪৫৮/কাস্টমস।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25A এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রি-শিপমেন্ট ইমপেকশন বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ৩২ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সংশ্লিষ্ট আমদানিকারককে নিম্নবর্ণিত ক্ষেত্রে পিএসআই সংস্থাকে নিম্নবর্ণিত ফি পরিশোধ করিতে হইবে, যথা :-

(ক) US\$ 5000 এর সমান কিংবা কম মূল্যের (CIF) মানের পণ্য চালান পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ ইস্যুর জন্য US\$ 175; এবং

(খ) US\$ 5000 এর অধিক মূল্যের (CIF) পণ্যচালান পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ ইস্যুর জন্য US\$ 250;

তবে শর্ত থাকে যে, ঋণপত্রে আংশিক যানজাতকরণের শর্ত না থাকিলে প্রতিটি L/C এর পণ্যের বিপরীতে একাধিক প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ ইস্যু করিয়া সর্বনিম্ন ফিস দাবী করা যাইবে না; এবং

(গ) ক্ষেত্রমত কন্টেইনার সীলকরণের জন্য চালান প্রতি অতিরিক্ত US\$ 25 প্রাপ্য হইবে।”;

(২) পরিশিষ্ট -৮ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-৮
বিধি ৯(২) দ্রষ্টব্য।

Sl No.	Name of the course (Sl.No. 1-4)	place	No. of Officer	Duration (Days)
1	02	3	4	5
1.	Valuation	Foreign	3	5
2.	Post Clearance Audit Techniques	Foreign	3	5
3.	Customs Valuation	Local	5	5
4.	Post Clearance Audit Techniques	Local	5	5
5.	Investigation Requirement (Not training)	Foreign	2	5”।

২। বিশেষ বিধান।- অত্র বিভাগের ২৩ জ্যেষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫৬-আইন/২০১৩/২৪৪৩/কাস্টমস এর মাধ্যমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ এর বিধি ৩৩ ও ৩৪ বিলুপ্ত করা

৫০৩৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুলাই ১, ২০১৩

সত্ত্বেও উক্ত বিলুপ্তকৃত বিধি দুইটির অধীন কোন কার্যক্রম চলমান থাকিলে উহা এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উক্ত বিধি দুইটি বিলুপ্ত হয় নাই।

৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।